



স্মারক নং- ৪৭.৬৫.০০০০.০৬১.৩৬.০৪৪.২০.- ৭৪০

তারিখঃ ২১/১১/১৪২৭ বঙ্গাব্দ
৪/১০/২০২১ খ্রিস্টাব্দ


বিষয়ঃ ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের 'সুফলভোগী সেবা সপ্তাহ' পালন প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ফাউন্ডেশনের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২১ এর কার্যক্রমসমূহের মধ্যে ২টি 'সুফলভোগী সেবা সপ্তাহ' পালন সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যমাত্রা রয়েছে।

বর্ণিত কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত ফাউন্ডেশনের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন ও পরিবীক্ষণ কাঠামো ২০২০-২০২১ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী ২১ মার্চ হতে ২৫ মার্চ, ২০২১ সময়ে 'সুফলভোগী সেবা সপ্তাহ' পালন করা হবে। 'সুফলভোগী সেবা সপ্তাহ' এর করণীয় এসংঙ্গে সংযুক্ত করা হলো। এ লক্ষ্যে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য আঞ্চলিক ব্যবস্থাপক, সিনিয়র উপজেলা ব্যবস্থাপক, উপজেলা ব্যবস্থাপক ও উপ-আঞ্চলিক ব্যবস্থাপকগণকে নির্দেশনা প্রদান করা হলো।

এ বিষয়ে জনাব আবুল কালাম আজাদ, উপ-মহাব্যবস্থাপক (আইসিটি, পরিকল্পনা ও ডকুমেন্টেশন) ও জনাব সালমা বেগম, সহকারী মহাব্যবস্থাপক (আইসিটি, পরিবীক্ষণ ও অনলাইন কমিউনিকেশন) তদারককারী কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন। কর্মকর্তাগণ মাঠ পর্যায়ে 'সুফলভোগী সেবা সপ্তাহ' অনুষ্ঠানের যাবতীয় নির্দেশনা প্রদানসহ এ সংক্রান্ত ছবি ও তথ্য সংগ্রহপূর্বক ৩ কার্যদিবসের মধ্যে ব্যবস্থাপনা পরিচালক বরাবর প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে।

সংযুক্তঃ- বর্ণনামতে।


(মোঃ গোলাম হারওয়ার)
মহাব্যবস্থাপক

- ০১। জনাব আবুল কালাম আজাদ
উপ-মহাব্যবস্থাপক (আইসিটি, পরিকল্পনা ও ডকুমেন্টেশন)
- ০২। জনাব সালমা বেগম
সহকারী মহাব্যবস্থাপক (আইসিটি, পরিবীক্ষণ ও অনলাইন কমিউনিকেশন)

বিতরণঃ

- ০১। আঞ্চলিক ব্যবস্থাপক (সকল), আঞ্চলিক কার্যালয়।।
- ০২। সিনিয়র উপজেলা ব্যবস্থাপক/উপজেলা ব্যবস্থাপক (সকল), উপজেলা কার্যালয়।।
- ০৩। ফাউন্ডেশনের প্রধান কার্যালয়ের সহকারী ব্যবস্থাপক থেকে তদুর্ধ্ব কর্মকর্তা (সকল), প্রধান কার্যালয়।

অনুলিপিঃ

- ০১। ব্যবস্থাপক (আইসিটি)-ওয়েব সাইটের প্রকাশের অনুরোধসহ।
- ০২। ব্যবস্থাপনা পরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা- ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ০৩। মহাব্যবস্থাপকদ্বয়ের ব্যক্তিগত কর্মকর্তা-মহাব্যবস্থাপকদ্বয়ের সদয় অবগতির জন্য।
- ০৪। সংশ্লিষ্ট নথি।
- ০৫। অফিস কপি।
- ০৬। নোটিশ বোর্ড।